

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) চতুর্থ বর্ষের ফল প্রকাশ

নিজস্ব প্রতিবেদক

২০ জুলাই ২০২১ ২২:৫২ | আপডেট: ২০ জুলাই ২০২১ ২২:৫২



## পুরোনো ছবি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সালে অনুষ্ঠিত স্নাতক (সম্মান) চতুর্থ বর্ষের পরীক্ষার ফলাফল আজ মঙ্গলবার রাতে প্রকাশিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর সূত্র এ তথ্য জানিয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয় জনসংযোগ দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মো. ফয়জুল করিম বলেন, ‘জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ৬৭৬টি কলেজের ২ লাখ ১৪ হাজার ৮৪৪ জন স্নাতক (সম্মান) চতুর্থ বর্ষের পরীক্ষায় অংশ নেন। পরীক্ষায় পাসের হার ৭২ শতাংশ।’ চার বছরের সমন্বিত ফলাফল আগামী সপ্তাহে প্রকাশিত হবে বলেও জানান তিনি।

এ পরীক্ষার ফলাফল রাত ৯টা থেকে বিশ্ববিদ্যালয়ের [www.nu.edu.bd](http://www.nu.edu.bd) ও [www.nubd.info](http://www.nubd.info) ওয়েবসাইটে পাওয়া যাবে। এ ছাড়া যেকোনো মুঠোফোনে খুদে বার্তা (এসএমএস) পাঠিয়েও ফলাফল জানা যাবে। মুঠোফোনে ফলাফল জানতে হলে মেসেজ অপশনে গিয়ে nu<space>h4<space> নিবন্ধন নম্বরের (শেষের সাতটি সংখ্যা) লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।